

## 12646 - ইতিকাফ কোন দিনে করতে হবে?

---

### প্রশ্ন

রমযানের শেষ দশদিন ব্যতিরেকে অন্য কোন সময় ইতিকাফ করা কি জায়েয?

### প্রিয় উত্তর

হ্যাঁ, যে কোন সময় ইতিকাফ করা জায়েয। সবচেয়ে উত্তম ইতিকাফ হচ্ছে- রমযান মাসের শেষ দশদিনের ইতিকাফ। কারণ এতে রয়েছে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম ও তাঁর সাহাবীবর্গের অনুসরণ। সহিহ হাদিসে এটাও সাব্যস্ত হয়েছে যে, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম কোন এক বছর শাওয়াল মাসে ইতিকাফ করেছেন।

আল্লাহ তাওফিকদাতা।